তারিখ 31 OCT 2002
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ

সেমিনারে অভিমত

# মাধ্যমিক স্তরের আগেই ৬০ শতাংশ ছাত্রী ঝরে পড়ে

**নিজস্ব বার্তা পরিবেশক, চট্টগ্রাম ব্যুরো ঃ** মাধ্যমিক স্তরে যাওয়ার আগেই এ দেশের ৬০ শতাংশ ছাত্রী ঝরে পড়ে। নারী শিক্ষার ক্ষেত্রে যে হারে সুযোগ-সুবিধা সৃষ্টি করা হয়েছে, সে তুলনায় নারীদের শিক্ষার প্রসার ঘটছে না। গতকাল (মঙ্গলবার) চট্টগ্রামে মীনা দিবস উপলক্ষে আয়োজিত 'নারীদের শিক্ষার মান উন্নয়নে করণীয়' শীর্ষক এক সেমিনারে বক্তারা উপরোক্ত মন্তব্য করেন। জেলা প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এ সেমিনারের আয়োজন করে।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের 'স্টিম প্রজেক্টর ডিটিনি সাখাওয়াত হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সেমিনারে প্রধান অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক শাহনেওয়াজ বেগম। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন চট্টগ্রাম সরকারী কমার্স কলেজের অধ্যাপক মোহাম্মদ আলী, জেলা প্রশাসনের শিক্ষা শাখার ম্যাজিস্ট্রেট হাবিবুর রহমান, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার নুরুল আমিন, সাংবাদিক ওমর কায়সার, ইউনিসেফ কর্মকর্তা মাধুরী ব্যানার্জি এবং থানা শিক্ষা অফিসার বিলকিস বেগম। সভায় বক্তারা বলেন, সার্বিক শিক্ষার মান উন্নয়ন ঘটলেই নারী শিক্ষার মান উন্নয়ন ঘটবে। সার্বিকভাবে আমাদের দেশে বিরাজমান পরিস্থিতি শিক্ষার মান উন্নয়নের জন্য অনুকূল নয়। প্রাতিষ্ঠানিক শিক্ষা পদ্ধতির আমূল পরিবর্তন ঘটিয়ে শিক্ষার ক্ষেত্রে নৈরাজ্য দূর করতে হবে। মেয়ে শিশুরা অর্থনৈতিক কারণ ও নানা সামাজিক প্রতিবন্ধকতার জন্য উচ্চ শিক্ষার দিকে নিরুৎসাহিত হচ্ছে। পরে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা ও সাংবাদিকদের নিয়ে নারী শিক্ষার উন্নয়নে এক দলভিত্তিক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়।